# বাংলাদেশ নির্বাচন কমিশন

## নির্বাচন কমিশন সচিবালয়ের কর্মচারী নিয়োগ পরীক্ষা, ২০২৬

## পদের নাম- ডাটা এন্ট্রি অপারেটর

সময়- ১ ঘন্টা ৩০ মিনিট | Exam Date: 10 July 2026 | পূর্ণমান-৯০

# বাংলা

**১। পদ নির্ণয় করুন: জনতা, ঠান্ডা, আনন্দ, কোথাও, তৃতীয়**

উত্তর: জনতা = বিশেষ্য পদ
ঠাণ্ডা = বিশেষণ পদ
আনন্দ = বিশেষ্য পদ
কোথাও = ক্রিয়া বিশেষণ
তৃতীয় = বিশেষণ পদ

**২। শুদ্ধ বানান লিখুন: মুমুর্ষু, পূর্বাহ্ন, পরিসেবা, দর্শন, হরিণাম**

| | |
|---|---|
| উত্তর: মুমুর্ষু | মুমূর্ষু |
| পূর্বাহ্ন | পূর্বাহ্ণ |
| পরিসেবা | পরিষেবা |
| দর্পন | দর্পণ |
| হরিণাম | হরিনাম |

**৩। কারক নির্ণয় করুন:**

(ক) আকাশে <u>ঘুড়ি</u> উড়ে।
উত্তর: কর্ম কারকে শূন্য বিভক্তি
(খ) বাবা আমাকে <u>**টাকা**</u> দিল।
উত্তর: কর্ম কারকে শূন্য বিভক্তি
(গ) <u>**দুধ**</u> থেকে দই পাই।
উত্তর: অপাদান কারকে শূন্য বিভক্তি
(ঘ) <u>**সকালে**</u> চাকুরির পরীক্ষা।
উত্তর: অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি
(ঙ) ট্রেন <u>**স্টেশন**</u> ছাড়ল।
উত্তর: অপাদান কারকে শূন্য বিভক্তি

**৪। বিপরীত শব্দ লিখুন। সঞ্চয়, উৎকর্ষ, নিরক্ষর, মহৎ, জঙ্গম**

| | |
|---|---|
| উত্তর: সঞ্চয় | অপচয় |
| উৎকর্ষ | অপকর্ষ |
| নিরক্ষর | সাক্ষর |
| মহৎ | নীচ |
| জঙ্গম | স্থাবর |

# ইংরেজি

**৫। Make sentences with the following idioms and phrases.**

(a) A red-letter day (স্মরণীয় দিন) 16th December is a red-letter day in the history of Bangladesh. ১৬ই ডিসেম্বর বাংলাদেশের ইতিহাসে একটি স্মরণীয় দিন।

(b) Look for (খোঁজা) He is looking for a good job in Dhaka. সে ঢাকায় একটি ভালো চাকরি খুঁজছে।

(c) Set out (যাত্রা শুরু করা ) They set out for their destination early in the morning. তারা খুব ভোরে তাদের গন্তব্যের উদ্দেশ্যে যাত্রা শুরু করেছিল।

(d) Put up with (সহ্য করা) I cannot put up with such insulting behaviour anymore. আমি আর এই ধরনের অপমানজনক আচরণ সহ্য করতে পারছি না।

(e) End in smoke (পর্যবসিত হওয়া) All his plans and hard work ended in smoke. তার সমস্ত পরিকল্পনা এবং কঠোর পরিশ্রম ব্যর্থতায় পর্যবসিত হলো।

**৬। Translate into English:**

(a) এক হাতে তালি বাজে না।
Translation: It takes two to make a quarrel.
(b) তেল পানিতে ভাসে।
Translation: Oil floats on water.
(c) সে ভালো গান গায়।
Translation: She/He sings well.
(d) আমি একটি ভালো স্বপ্ন দেখেছি।
Translation: I dreamt a good dream.
(e) দশটা বাজতে দশ মিনিট বাকি।
Translation: It is ten minutes to ten.

**৭। Fill in the blanks:**

a) The girl went---------laughing.
Answer: away
b) Staying up late is detrimental-------health.
Answer: to
c) They entered---------the room.
Answer: No preposition
d) He is good---------English.

Job Exam Mate BD

Answer: at

e) I will go to your house---------Monday morning.

Answer: on

**৮। Correct the following sentences:**

(a) He do not know to swim.

Answer: He does not know how to swim.

(b) Maruf prefers coffee than tea.

Answer: Maruf prefers coffee to tea.

(c) Sumi speaks English as the English.

Answer: Sumi speaks English like the English.

(d) He left to home.

Answer: He is left for home.

(e) She is senior than me.

Answer: She is senior to me.

## গণিত

**৯। ১৫ টি ছাগলের মুল্য ০৫ টি গরুর মূল্যের সমান। ০২ টি গরুর মূল্য ১৮,০০০ টাকা হলে ০৩ টি ছাগলের মূল্য কত?**

সমাধান: ২ টি গরুর মূল্য ১৮,০০০ টাকা

১ টি গরুর মূল্য ৯০০০ টাকা

৫ টি গরুর মূল্য ৯০০০ × ৫ = ৪৫০০০ টাকা

১৫টি ছাগলের মূল্য = ৪৫০০০ টাকা

১টি ছাগলের মূল্য = $\frac{৪৫০০০}{১৫}$ = ৩০০০ টাকা

৩টি ছাগলের মূল্য = ৩০০০×৩ = ৯০০০ টাকা

**১০। মাতা ও ৩ পুত্রের বয়সের গড় অপেক্ষা পিতা ও ৩ পুত্রের বয়সের গড় ২ বছর বেশি। পিতার বয়স ৫০ হলে মাতার বয়স কত?**

সমাধান: মনে করি মাতার বয়স $x$ বছর এবং তিন পুত্রের বয়সের সমষ্টি $y$ বছর

প্রশ্নমতে, $\frac{50+y}{4} - \frac{x+y}{4} = 2$

বা, $\frac{50+y-x-y}{4} = 2$

বা, $50 - x = 8$

বা, $x = 42$

উত্তর: 42 বছর

**১১। উৎপাদকে বিশ্লেষণ করুন: (ক) $3x^2 - x - 14$ (খ) $a^2 + b^2 - 2ab - 1$**

(ক) $3x^2 - x - 14$

সমাধান: $3x^2 - x - 14$

$= 3x^2 + 6x - 7x - 14$

$= 3x(x+2) - 7(x+2)$

$= (x+2)(3x-7)$

উত্তর: $(x+2)(3x-7)$

(খ) $a^2 + b^2 - 2ab - 1$

সমাধান: $a^2 + b^2 - 2ab - 1$

$= (a-b)^2 - 1$

$= (a-b+1)(a-b-1)$

উত্তর: $(a-b+1)(a-b-1)$

**১২। সমাধান করুন:**

**(ক) $\frac{x}{y} = \frac{1}{7}$ এবং $x + 2y = 5$ হলে $x$ = কত?**

সমাধান: $\frac{x}{y} = \frac{1}{7}$

বা, $y = 7x$

বা, $2y = 14x$

$x + 2y = 5$

বা, $x + 14x = 5$

বা, $15x = 5$

বা, $x = \frac{1}{3}$

উত্তর: $\frac{1}{3}$

**(খ) $x - y = 2$ এবং $xy = 24$ হলে $x+y$ এর মান কত?**

সমাধান: $(x+y)^2 = (x-y)^2 + 4xy$

বা, $(x+y)^2 = 2^2 + 4 \times 24$

বা, $(x+y)^2 = 100$

বা, $x - y = \sqrt{100}$

বা, $x - y = 10$

উত্তর: 10

## কম্পিউটার নলেজ

**১৩। উত্তর লিখুন:**

**(ক) রঙিন মনিটরের পিক্সেলে কয় ধরনের রঙ থাকে?**

উত্তর: ৩ ধরনের রঙ থাকে। এগুলো হলো: লাল (Red), সবুজ (Green) এবং নীল (Blue) ।

**(খ) প্রথম ওয়েব ব্রাউজার কোনটি? HTTP-404 কি ধরনের সতর্কতা?**

উত্তর: প্রথম ওয়েব ব্রাউজার হলো World Wide Web (পরবর্তীতে এর নাম পরিবর্তন করে 'Nexus' রাখা হয়)। HTTP-404 একটি স্ট্যান্ডার্ড 'Error Message' বা সতর্কতা, যার অর্থ হলো ব্যবহারকারী যে ওয়েব পেজটি খোঁজার চেষ্টা করছেন, তা সার্ভারে খুঁজে পাওয়া যায়নি (Not Found)।

**(গ) $(101110)_2$ সংখ্যাটি দশমিক সংখ্যায় রূপান্তর করলে কত হবে?**

উত্তর: $1 \times 2^5 + 0 \times 2^4 + 1 \times 2^3 + 1 \times 2^2 + 1 \times 2^1 + 0 \times 2^0$

$= 32 + 0 + 8 + 4 + 2 + 0$

$= 46$

**(ঘ) Website এর মূল page কে কী বলা হয়?**

উত্তর: ওয়েবসাইটের মূল পেজকে **Home Page** (হোম পেজ) বলা হয়।

**(ঙ) MS word এ Select all-এর শর্টকাট কমান্ড কী?**

উত্তর: Ctrl + A

**(চ) কম্পিউটারের keyboard-এ কতগুলো ফাংশন Key থাকে? ফাংশন Key-এর কাজ কী?**

উত্তর: কিবোর্ডে সাধারণত ১২টি ফাংশন কি (Function Key) থাকে ($F1$ থেকে $F12$ পর্যন্ত)। নির্দিষ্ট কিছু বিশেষ বা দ্রুত কাজ সম্পন্ন করার জন্য এই কিগুলো ব্যবহার করা হয়। যেমন: $F1$ চাপলে 'Help' বা সাহায্যকারী উইন্ডো খোলে, আবার $F5$ চাপলে পেজ বা উইন্ডো 'Refresh' হয়।

**(ছ) বিশ্বের প্রথম সার্চ ইঞ্জিন কোনটি? বাংলাদেশি একটি সার্চ ইঞ্জিনের নাম লিখুন।**

উত্তর: বিশ্বের প্রথম সার্চ ইঞ্জিন হলো Archie (আর্চি)। বাংলাদেশি সার্চ ইঞ্জিন: পিপীলিকা

**(জ) IP Address কাকে বলে? IP Address প্রকাশের জন্য কয়টি অকটেট প্রয়োজন?**

উত্তর: ইন্টারনেট বা কোনো নেটওয়ার্কের সাথে যুক্ত প্রতিটি কম্পিউটার বা ডিভাইসের একটি নির্দিষ্ট এবং অনন্য (unique) নম্বর বা ঠিকানা থাকে, তাকে IP Address (Internet Protocol Address) বলে। একটি IPv4 অ্যাড্রেস প্রকাশের জন্য ৪টি অকটেট (Octet) প্রয়োজন হয় (যেমন: 192.168.1.1)।

**(ঝ) কম্পিউটার নেটওয়ার্কে PAN ও LAN বলতে কি বুঝায়?**

উত্তর: PAN (Personal Area Network): একজন ব্যক্তির কাছাকাছি বা ব্যক্তিগত ডিভাইসের মধ্যে (যেমন: ফোন ও ব্লুটুথ হেডফোন) তৈরি হওয়া ছোট নেটওয়ার্ক। এর ব্যাপ্তি সাধারণত ১০ মিটারের মধ্যে হয়।

LAN (Local Area Network): একটি নির্দিষ্ট ছোট ভৌগোলিক এলাকা, যেমন—একটি বাড়ি, স্কুল বা অফিসের কম্পিউটারগুলোর মধ্যে যে নেটওয়ার্ক গড়ে তোলা হয়।

**(ঞ) কম্পিউটার এর প্রোগ্রামিং ভাষাকে কয়টি প্রজন্মে ভাগ করা যায়?**

উত্তর: ৫টি

**(ট) AI-এর পূর্ণরূপ কী? কৃত্রিম বুদ্ধিমত্তা কোন প্রজন্মের কম্পিউটারের বৈশিষ্ট্য।**

উত্তর: AI-এর পূর্ণরূপ হলো Artificial Intelligence। কৃত্রিম বুদ্ধিমত্তা হলো পঞ্চম প্রজন্মের (Fifth Generation) কম্পিউটারের প্রধান বৈশিষ্ট্য।

**(ঠ) অ্যালগরিদমের চিত্ররূপকে কি বলা হয়? অ্যালগরিদম-এর নামকরণ কার নাম অনুসারে করা হয়েছে?**

উত্তর: অ্যালগরিদমের চিত্ররূপকে Flowchart (ফ্লোচার্ট বা প্রবাহচিত্র) বলা হয়। পারস্যের বিখ্যাত গণিতবিদ আবু জাফর মুহাম্মদ ইবনে মুসা আল-খোয়ারিজমি (Al-Khwarizmi)-এর নাম অনুসারে 'অ্যালগরিদম' শব্দের নামকরণ করা হয়েছে।

**(ড) RAM ও ROM কোন ধরণের মেমোরি?**

উত্তর: **RAM (Random Access Memory):** এটি কম্পিউটারের প্রাথমিক বা প্রধান **অস্থায়ী** মেমোরি (Volatile Memory)।

**ROM (Read Only Memory):** এটি কম্পিউটারের প্রাথমিক বা প্রধান **স্থায়ী** মেমোরি (Non-volatile Memory)।

**(ঢ) ইউনিকোডের উদ্দেশ্য কী?**

উত্তর: বিশ্বের ছোট-বড় সব ভাষার সকল অক্ষর ও চিহ্নকে কম্পিউটারে কোড বা সংখ্যার মাধ্যমে এককভাবে প্রকাশ করা, যাতে যেকোনো ভাষায় তথ্য আদান-প্রদান এবং লেখালেখি করা সহজ হয়। (যেমন: এর মাধ্যমেই আমরা কম্পিউটারে সহজে বাংলা লিখতে পারি)।

**(ণ) HTML এর পূর্ণরূপ কী?**

উত্তর: HTML এর পূর্ণরূপ হলো Hyper Text Markup Language।



Job Exam Mate BD